



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.৩০০.২৩.০০৭.২৬-১১(৫১১)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২
১১ মার্চ ২০২৬

বিষয়: ২০২৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক/শিখন-সামগ্রীর চাহিদা প্রণয়নের নিমিত্ত শিক্ষার্থী তথ্য হালনাগাদকরণ

- সূত্রঃ (ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর ৩৮.০১.০০০০.০০০.৯০০.৩৫.০০০১.২৩.৫; তারিখঃ ৮ জানুয়ারি ২০২৬ খ্রিঃ
(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর ৩৮.০১.০০০০.৩০০.০০১.২৪.০২; তারিখঃ ১৩ জানুয়ারি ২০২৬ খ্রিঃ
(গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর ৩৮.০১.০০০০.০০০.৩০০.২৩.০০৭.২৬-১৬(৮); তারিখঃ ৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনলাইনে ২০২৭ শিক্ষাবর্ষের সঠিক চাহিদা নিরূপণের নিমিত্ত তাঁর উপজেলা/থানার সকল বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান এবং উক্ত বিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শ্রেণিভিত্তিক শিক্ষার্থী তথ্য ২৯ জানুয়ারি ২০২৬ এর মধ্যে হালনাগাদ এর জন্য সূত্রোক্ত (ক) ও (খ) পত্রে নির্দেশনা প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের IPEMIS সফটওয়্যার থেকে ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের শিক্ষার্থী তথ্যের ভিত্তিতে ২০২৭ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক (৫+) ও প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তকের সম্ভাব্য খসড়া চাহিদা প্রণয়নের পাশাপাশি সূত্রোক্ত (গ) পত্রের মাধ্যমে মাঠপর্যায় থেকে ২০২৬ শিক্ষাবর্ষের বিতরণকৃত পাঠ্যপুস্তক ও শিখন-সামগ্রীর প্রকৃত তথ্য সংগ্রহ করা হয়। উক্ত খসড়া চাহিদা এবং ২০২৬ শিক্ষাবর্ষের বিতরণকৃত পাঠ্যপুস্তকের পরিসংখ্যান পর্যালোচনা করে দেখা যায় যে, প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরে (বাংলা ও ইংরেজি ভাষায়) ২০২৭ শিক্ষাবর্ষের সম্ভাব্য চাহিদা ৭,৩৫,৩৩,০১১ কপি এবং ২০২৬ শিক্ষাবর্ষে বিতরণকৃত পাঠ্যপুস্তক ৮,১০,০৯,৯৬০ কপি। অর্থাৎ, ২০২৭ শিক্ষাবর্ষে অনলাইনে প্রাপ্ত শিক্ষার্থী সংখ্যার ভিত্তিতে প্রণীত সম্ভাব্য চাহিদার চেয়ে ২০২৬ শিক্ষাবর্ষে ৭৪,৭৬,৯৪৯ (৮,১০,০৯,৯৬০ - ৭,৩৫,৩৩,০১১) কপি পাঠ্যপুস্তক বেশি বিতরণ করা হয়। এতে প্রতীয়মান হয় যে, বিগত ২০২৬ শিক্ষাবর্ষে প্রকৃত শিক্ষার্থীর চেয়ে বেশি সংখ্যক পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে, কিংবা একাধিকবার নির্দেশনা প্রদান করা সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে তাঁর উপজেলার ২০২৭ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রাপ্য সকল বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী তথ্য IPEMIS সফটওয়্যারে সঠিকভাবে হালনাগাদ করা হয় নি।

- ২। এমতাবস্থায়, অনলাইনে ২০২৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকের চূড়ান্ত চাহিদা প্রণয়নের নিমিত্ত নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ
- ২৪ মার্চ ২০২৬ তারিখের মধ্যে 'প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তকের চাহিদা নিরূপণ ও পাঠ্যপুস্তক বিতরণ নির্দেশিকা, ২০২৫' অনুসারে তাঁর উপজেলা/থানার বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রাপ্য সকল বিদ্যালয়/প্রতিষ্ঠানের শিক্ষার্থী তথ্য (বাংলা ও ইংরেজি ভাষায় এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) IPEMIS সফটওয়্যারে আবশ্যিক হালনাগাদ করতে হবে;
 - প্রত্যেক উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার শিক্ষার্থী তথ্য হালনাগাদ সম্পন্ন করার বিষয়ে প্রত্যয়ন প্রদান করবেন। উক্ত প্রত্যয়নপত্র স্ব-স্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রতিস্বাক্ষরপূর্বক বিভাগীয় উপপরিচালকের নিকট দাখিল করবেন। বিভাগীয় উপপরিচালক তাঁর বিভাগাধীন সকল প্রত্যয়নপত্র (ডাকযোগে ও ই মেইলে dpebook111@gmail.com) ২৫ মার্চ ২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন;
 - কোন অবস্থাতেই প্রকৃত শিক্ষার্থীর চেয়ে কম/বেশি শিক্ষার্থীর তথ্য আপলোড করা যাবে না এবং শিক্ষার্থী তথ্য আপলোড/হালনাগাদকরণের সময়-সীমা বৃদ্ধি করা হবে না;
 - IPEMIS সফটওয়্যারে প্রকৃত শিক্ষার্থী তথ্য সঠিকভাবে এন্ট্রি/হালনাগাদ না করার কারণে ২০২৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকের চূড়ান্ত চাহিদা কম/বেশি হলে উদ্ধৃত পরিস্থিতির জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ প্রতিষ্ঠান প্রধান, উপজেলা/থানা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলে ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;


উল্লেখ্য, IPEMIS সফটওয়্যারে শিক্ষার্থী তথ্য এন্ট্রি না থাকলে উক্ত বিদ্যালয়/প্রতিষ্ঠানে ২০২৭ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক সরবরাহের সুযোগ থাকবে না।

৩। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক অনলাইন থেকে প্তুতকৃত বিদ্যালয় ও শিক্ষার্থী তথ্য অত্রসাথে প্রেরণ করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী excel sheet কপি

উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)


১১.০৩.২০২৬
মোঃ মাসুদ হোসেন
পরিচালক (প্রশাসন)
ফোন নম্বর: ০২-৫৫০৭৪৮২৯

ই-মেইল: diradmindpe@gmail.com